৮:১০

দৈনিক ইনকিলাব

তারিখ 03 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৩

৪১

# ২২ বছর ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কনভোকেশন হয় না

// স্টাফ রিপোর্টার //

অসুস্থ রাজনৈতিক পরিস্থিতির কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কনভোকেশন অনুষ্ঠিত হয় না ২২ বছর ধরে। আনুষ্ঠানিকভাবে সার্টিফিকেট প্রদানের নিয়মটি শিক্ষক-শিক্ষার্থীরা প্রায় ভুলতে বসেছে। এমনি অবস্থায় ইংরেজী বিভাগের একটি ব্যাচের ছাত্র-ছাত্রীরা গতকাল আয়োজন করে মিনি কনভোকেশনের। ভিসি প্রফেসর এম, মনিরুজ্জামান মিঞা, এ অনুষ্ঠানে উপস্থিত হয়ে ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষের ৮৩ জন ছাত্র-ছাত্রীকে অনার্স সার্টিফিকেট প্রদান করেন। পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীতে অনুষ্ঠিত এ মিনি কনভোকেশনে সভাপতিত্ব করেন কলা অনুষদের ডীন প্রফেসর কে এম মুহসীন এবং এতে বক্তব্য রাখেন প্রো-ভিসি ডঃ ওয়াকিল আহমেদ এবং ইংরেজী বিভাগের চেয়ারম্যান প্রফেসর ডঃ খোন্দকার রেজাউর রহমান।